

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
অধিশাখা-৬  
প্রজ্ঞাপন

তারিখ: ৭ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৫.১২-৯৮—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Lafarge Surma Cement Ltd. কে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৭ জুন, ২০১৫ হইতে ২৬ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলী :

- (১) শুধুমাত্র ফ্যাক্টরীর উৎপাদনের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হইবে।
- (২) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- (৩) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০(ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।
- (৪) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।
- (৫) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৬) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
- (৭) ঈদ, পূজাসহ ধর্মীয় উৎসব পালন এবং অন্যান্য জাতীয় দিবসে শ্রমিকগণের ছুটি ভোগ নিশ্চিত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মহিউদ্দিন আহমেদ খান  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৫১৯)

মূল্য : টাকা ৪.০০